গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
মণিরামপুর, যশোর
www.acl.manirampur.jessore.gov.bd

স্মারক নং-৩১.৪৪.৪১৬১.০৬১.০৫.০০১.২২- ৭১৭ তারিখ: ২৭/০৭/২০২২ খ্রি.

গণবিজ্ঞপ্তি

মুজিববর্ষে "বাংলাদেশের একজন মানুষও গৃহহীন থাকবে না"- মাননীয় প্রধানমন্ত্রীর এই নির্দেশনা বাস্তবায়নে মণিরামপুর উপজেলার সকল গৃহহীন ও ভূমিহীন মানুষের পুনর্বাসন নিশ্চিতকল্পে একক ঘর নির্মাণ প্রকল্প চলমান রয়েছে। এ পর্যায়ে মণিরামপুর উপজেলাকে গৃহহীন ও ভূমিহীন মুক্ত উপজেলা ঘোষণা করার লক্ষ্যে সকল আবেদন যাচাই বাছাই সাপেক্ষে প্রকৃত গৃহহীন ও ভূমিহীনদের সঠিক ও নির্ভুল তালিকা প্রণয়ন প্রয়োজন। এতুদ্দেশ্যে মণিরামপুর উপজেলার ২৭.০৭.২০২৩ খ্রি. তারিখের এর মধ্যে ঘরের আবেদন আহবান করা হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর, যশোর বরাবর নির্ধারিত ফরমে আবেদন দাখিল করতে হবে। উক্ত আবেদন ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মণিরামপুর, সহকারী কমিশনার (ভূমি) এর মণিরামপুর কার্যালয়, উপজেলা পরিষদের হস্তান্তরিত সকল দপ্তরে, সকল ইউনিয়ন পরিষদে, সকল ইউনিয়ন ভূমি অফিসে, সকল ব্যাংকে ও সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাওয়া যাবে। আবেদন ফরম পূরণ করে উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর এর অথবা সহকারী কমিশনার (ভূমি) মণিরামপুর এর কার্যালয়ে জমা প্রদান করতে হবে। উক্ত আবেদন পাওয়ার ৭ দিনের মধ্যে যেসকল পরিবার এই প্রকল্পের অধীনে ঘর পাবেন তাদের ছবি সম্বলিত নামের তালিকা টানিয়ে দেওয়া হবে। উক্ত সময়ের মধ্যে আবেদন করতে ব্যর্থ হলে পরবর্তীতে ঘর পাওয়ায় প্রক্রিয়া বিলম্বিত হতে পারে। মাননীয় প্রধানমন্ত্রীর ঘর প্রদানের লক্ষ্যে 'ক' শ্রেণী অর্থাৎ প্রকৃত ভূমিহীন ও গৃহহীন পরিবারকে উপকারভোগী হিসেবে নির্বাচন করা হবে। 'ক' শ্রেণীর পরিবার বলতে যাদের জমি ও ঘর কিছুই নেই তাদেরকে বোঝাবে।

ঘর পাওয়ার যোগ্যতাঃ

১। জমি বা ঘর কিছুই নেই উপকারভোগী পরিবারের (বিধবা ও স্বামী পরিত্যক্তা ব্যতীত) সদস্যদের নিজ নামে অথবা ওয়ারিশসূত্রে ভূমি পাওয়ার যোগ্য হলে সেই পরিবার/ব্যক্তি 'ক' শ্রেণীর উপকারভোগী হিসেবে বিবেচিত হবেন না।
২। বর্তমান ও স্থায়ী ঠিকানা উভয়ই মণিরামপুর উপজেলায় হতে হবে।

আবেদনের সাথে নিম্নলিখিত কাগজপত্র দিতে হবেঃ

ক. স্বামী ও স্ত্রী উভয়ের যৌথ ছবি (ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত)
খ. স্বামী ও স্ত্রী উভয়ের আইডি কার্ডের ফটোকপি (ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত)
গ. স্বামী ও স্ত্রী উভয়ের ভূমিহীন সনদপত্র (ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত)
ঘ. স্বামী ও স্ত্রী উভয়ের আলাদা নাগরিকত্ব সনদপত্র (ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত)
ঙ. স্বামী মৃত হলে বিধবা সনদপত্র (ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত)
চ. স্বামী পরিত্যাক্তা হলে স্বামী পরিত্যাক্তা সনদপত্র (ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত)

প্রকৃত ভূমিহীন ও গৃহহীন পরিবার ব্যতীত কেউ আবেদন করলে ও আবেদনে তথ্য গোপন করলে অথবা আবেদনে মিথ্যা তথ্য প্রদান করলে আবেদনকারীর আবেদন বাতিলের পাশাপাশি তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। আবদেনপত্রের সাথে যেসকল দলিলাদি দাখিল করতে হবে তার বিবরণ আবেদনপত্রে সংযুক্ত থাকবে হবে।

২৭/০৭/২০২২
মোঃ আলী হাসান
সহকারী কমিশনার (ভূমি)
মণিরামপুর, যশোর।

CamScanner